

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.২৫০

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৫৯৪৫/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন পাঁচবাগ ইসলামিয়া উচ্চ বিদ্যালয় এর সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা) মো. ইসমাইল-কে সাময়িক বরখাস্ত করেন। বরখাস্তের সময়কাল ১৮০ দিন (৬ মাস) অতিক্রান্ত হওয়ায় সরকারি অংশের বকেয়া বেতন-ভাতাসহ চাকুরীতে স্বপদে পুনঃবহালের জন্য তিনি চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ বরাবর ১২.০৫.২০২২ তারিখে আবেদন করেন।

জনাব মো: ইসমাইল এর আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি সংস্কৃদ্ধ হয়ে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৯৪৫/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ০২.০৬.২০২২ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন;

“The respondent No. 3 is directed to dispose of the application dated 12.05.2022 (Annexure-C) filed by the petitioner within 03 (three) months from the date of receipt of this order in accordance with law.”

বর্ণিতাবস্থায়, যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৯৪৫/২০২২ মামলার আদেশে ০৩নং বিবাদীকে ৩ (তিন) মাসের মধ্যে নিষ্পত্তি করতে বলেছেন সেহেতু আবেদনকারীর ১২.০৫.২০২২ (Annexure-c) আবেদনটি ৩ (তিন) মাসের মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-৮-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.২৫০/১(৬)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) গভার্নিং বডির সভাপতি, পাঁচবাগ ইসলামিয়া উচ্চ বিদ্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ (মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৯৪৫/২০২২ মামলার ০২.০৬.২০২২ তারিখে আদেশ বাস্তবায়ন)।
- ৫) প্রধান শিক্ষক, পাঁচবাগ ইসলামিয়া উচ্চ বিদ্যালয়, গফরগাঁও।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২-৮-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব